দৈনিক বাংলা

তারিখ 26 APR 1995
পৃষ্ঠা কলাম

# গণশিক্ষার সুযোগ গ্রহণে জনগণকে উদ্বুদ্ধ করুন ঃ প্রেসিডেন্ট

বরিশাল পৌরসভার সাগরদী এলাকার পৌর কমিশনার এবং মসজিদের ইমাম ও মুতোয়াল্লিদের সমন্বয়ে ২০ সদস্যের একটি প্রতিনিধিদল মঙ্গলবার বঙ্গভবনে প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাসের সঙ্গে সাক্ষাৎ করেছেন। খবর বাসস'র।

পৌর কমিশনার সাহাবুদ্দিন সরদার প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। তারা প্রেসিডেন্টকে এলাকার রাস্তাঘাট উন্নয়নের প্রয়োজনীয়তা, বিশুদ্ধ খাবার পানি ও বিদ্যুৎ সংকট এবং মসজিদ মাদ্রাসার মেরামত ও পুনঃনির্মাণের প্রয়োজনীয়তাসহ বিভিন্ন সমস্যা অবহিত করেন।

প্রতিনিধিদলের সঙ্গে আলাপকালে প্রেসিডেন্ট সরকারের গণশিক্ষা কর্মসূচীর ওপর গুরুত্বারোপ করেন। তিনি এই সুযোগ পুরোপুরি গ্রহণের লক্ষ্যে জনগণকে অনুপ্রাণিত করার জন্য তাদের পরামর্শ দেন, যাতে তাদের ছেলেমেয়েরা দ্রুত শিক্ষালাভ করতে পারে।

প্রেসিডেন্ট বিশ্বাস বলেন, সরকার সড়ক যোগাযোগ ব্যবস্থা উন্নত করছে এবং সাগরদীও এই সুবিধা পাবে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি এলাকার মসজিদ মাদ্রাসার প্রয়োজনীয় সাহায্য সহযোগিতার জন্য যথাযথ কর্তৃপক্ষকে বলবেন বলে তাদের আশ্বাস দেন।

প্রতিনিধিদলের নেতা বরিশালের মসজিদ ও শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নে প্রেসিডেন্টের সাহায্য সহযোগিতার ভূয়সী প্রশংসা করেন। তিনি বরিশালে একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবি পুনরায় উত্থাপন করেন।

প্রতিনিধিদলে অন্যান্যের মধ্যে আবদুল খালেক শিকদার, আবদুল মালেক হাওলাদার, আবদুল খালেক হাওলাদার, সরদার মাহমুদ বাবু, বাবুল হাওলাদার, আবদুর রাজ্জাক হাওলাদার, বেলায়েত হোসেন এবং সরদার আহমেদ এ সময় উপস্থিত ছিলেন।